পশ্চিমবঙ্গ সরকার
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**
যৌথ প্রশাসনিক ভবন, ব্লক এইচ সি সেক্টর তিন, সল্টলেক, কলকাতা-৭০০১০৬

**পত্রসংখ্যা : ১৪২৮/৪৩/স্টারপার্ড/ ২০১৮** **তারিখ :০৩/১০/২০১৮**

**প্রেরক : দিব্যেন্দু দাস**
বিশেষ সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

**প্রাপক : অতিরিক্ত নির্বাহী আধিকারিক,**
কোচবিহার / জলপাইগুড়ি / আলিপুরদুয়ার / উত্তর দিনাজপুর / দক্ষিণ দিনাজপুর / মালদা / মুর্শিদাবাদ / বীরভূম / পূর্ব বর্ধমান / পশ্চিম বর্ধমান / বাঁকুড়া / পুরুলিয়া / ঝাড়গ্রাম / পশ্চিম মেদিনীপুর / পূর্ব মেদিনীপুর / হুগলী / হাওড়া / দক্ষিণ ২৪ পরগণা / উত্তর ২৪ পরগণা / নদীয়া জেলা পরিষদ ও শিলিগুড়ি মহকুমা পরিষদ ।

**জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক,**
দার্জিলিং / কালিম্পং / কোচবিহার / জলপাইগুড়ি / আলিপুরদুয়ার / উত্তর দিনাজপুর / দক্ষিণ দিনাজপুর / মালদা / মুর্শিদাবাদ / বীরভূম / পূর্ব বর্ধমান / পশ্চিম বর্ধমান / বাঁকুড়া / পুরুলিয়া / ঝাড়গ্রাম / পশ্চিম মেদিনীপুর / পূর্ব মেদিনীপুর / হুগলী / হাওড়া / দক্ষিণ ২৪ পরগণা / উত্তর ২৪ পরগণা / নদীয়া জেলা

**বিষয় : জেলা পরিষদে স্থাপিত লোকশিক্ষা সঞ্চারের উভমুখী শিখন কেন্দ্র এবং ব্লক/পঞ্চায়েত সমিতিতে স্থাপিত একমুখী শিখন কেন্দ্রের মাধ্যমে আগামী ০৪/১০/২০১৮ তারিখে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের অধিবেশন**

মহাশয়া / মহাশয়,

আপনাকে জানাই যে,, আগামী **০৪/১০/২০১৮** তারিখে আপনার জেলার জেলা পরিষদে স্থাপিত লোকশিক্ষা সঞ্চারের উভমুখী শিখন কেন্দ্র অর্থাৎ Satellite Interactive Terminal বা **SIT**-র মাধ্যমে এবং আপনার জেলার ব্লক/পঞ্চায়েত সমিতিতে স্থাপিত একমুখী শিখন কেন্দ্র অর্থাৎ Receive Only Terminal বা **ROT**-র মাধ্যমে **জিপিডিপি-র ক্ষেত্রে জিও-ট্যাগিং অ্যাপ্লিকেশন** বিষয়ক অধিবেশন সম্প্রচারিত হবে। অধিবেশন শুরু হবে সকাল ১১.০০টা থেকে এবং চলবে দুপুর ১.০০টা পর্যন্ত। অধিবেশনের বিস্তারিত বিবরণ নিম্নরূপ :

| তারিখ ও সময় | বিষয় | মুল প্রশিক্ষণ কেন্দ্রে থাকবেন | উভমুখী শিখন কেন্দ্র (SIT) অর্থাৎ জেলা পরিষদে থাকবেন | একমুখী শিখন কেন্দ্র (ROT) অর্থাৎ ব্লক/পঞ্চায়েত সমিতিতে |
|---|---|---|---|---|
| ০৪/১০/২০১৮ সকাল ১১.০০ থেকে দুপুর ১.০০ পর্যন্ত | জিপিডিপি-র ক্ষেত্রে জিও-ট্যাগিং অ্যাপ্লিকেশন | ❖ দিব্যেন্দু দাস, বিশেষ সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ<br>❖ নীলাঞ্জনা দাশগুপ্ত, বিশেষ সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ<br>❖ শুভায়ু চৌধুরী, সফটঅয়্যার ডেভেলপার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ<br>❖ সংশ্লিষ্ট আধিকারিকগণ | ➢ অতিরিক্ত নির্বাহী আধিকারিক, জেলা পরিষদ<br>➢ জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক<br>➢ জেলা পরিষদের ডি.আই.এ<br>➢ সার্ভিস সাপোর্ট প্রোভাইডার (এস এস পি), কম্পুটারাইজেশন সেল | ➢ সমষ্টি উন্নয়ন আধিকারিক<br>➢ যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক<br>➢ ব্লক এক্সটেনশন অফিসার<br>➢ ব্লক ইনফর্মেটিক্স অফিসার |

আগামী ০৪/১০/২০১৮ তারিখের অধিবেশনের নির্বিঘ্ন সম্প্রচারের জন্য জেলা পরিষদে উভমুখী শিখন কেন্দ্র পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্যে দায়িত্বপ্রাপ্ত সকল কর্মী অর্থাৎ SIT অপারেটর যেন উপযুক্ত প্রস্তুতি গ্রহণ করেন এবং ০৪/০৯/২০১৮ তারিখে সকাল ১০.০০ থেকে SIT ইউনিটটি চালু করেন তার জন্যে আপনার পক্ষ থেকে সুনির্দিষ্ট নির্দেশ দেওয়ার অনুরোধ জানাই ।

আগামী ০৪/১০/২০১৮ তারিখ সকল একমুখী শিখন কেন্দ্র পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্যে দায়িত্বপ্রাপ্ত সকল কর্মী অর্থাৎ ROT **অপারেটর** যেন উপযুক্ত প্রস্তুতি গ্রহণ করেন এবং ০৪/১০/২০১৮ **তারিখ** সকাল **১০.০০** থেকে ROT ইউনিটটি চালু করেন তার জন্যে আপনার পক্ষ থেকে সুনির্দিষ্ট নির্দেশ দেওয়ার অনুরোধ জানাই ।

যদি কোনও ব্লক/পঞ্চায়েত সমিতিতে ROT ইউনিটটি কোনও কারণে খারাপ থাকে, তাহলে সংশ্লিষ্ট আধিকারিকগণকে কোনও পার্শ্ববর্তী ব্লক/পঞ্চায়েত সমিতিতে উপস্থিত থেকে এই কর্মসূচিতে যোগ দেওয়ার জন্যে বলা যেতে পারে ।

সমগ্র বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অতি সত্বর অবগত করানোর অনুরোধ জানাই ।

আপনার বিশ্বস্ত,

(দিব্যেন্দু দাস)

**পত্রসংখ্যা : ১৪২৮(৪৩)/ ১(৪)/স্টারপার্ড/২০১৮** **তারিখ :০৩/ ১০/২০১৮**

এই পত্রের প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেওয়া হল :

১.অধিকর্তা ও মুখ্য-নির্বাহী আধিকারিক, রূপকলা কেন্দ্র
২.নীলাঞ্জনা দাশগুপ্ত, বিশেষ সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ
৩.যুগ্ম অধিকর্তা, রূপকলা কেন্দ্র
৪.সৌম্যজিত দত্ত, বিশেষ ভারপ্রাপ্ত আধিকারিক, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ
৫.শুভায়ু চৌধুরী, সফটঅয়্যার ডেভেলপার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

(দিব্যেন্দু দাস)
বিশেষ সচিব, স্টারপার্ড
এবং
বিশেষ সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ